

২৪ ০৭/০৭/০৭

বরিশাল বোর্ডে ৬টি নতুন কেন্দ্রের আবেদন বাতিল)

॥ বরিশাল অফিস ॥

বরিশাল বোর্ডের অধীনে এ বছর ৬০ হাজার এসএসসি পরীক্ষার্থীর জন্য ৬টি নতুন কেন্দ্র বৃদ্ধির আবেদন করা হলে তা বাতিল করে দেয়া হয়েছে। শুধুমাত্র একটি উপকেন্দ্রকে কেন্দ্র হিসেবে বৃদ্ধি করা হয়। নতুন করে কেন্দ্র বৃদ্ধি না করায় শিক্ষার্থী সংকুলান করতে সংশ্লিষ্ট কেন্দ্রগুলোকে হিমশিম খেতে হবে বলে শিক্ষকদের অভিমত। গত বছর ৬২টিতে কেন্দ্র এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঐ সময় বরিশাল জিলা হুলকে মেইন কেন্দ্র হিসেবে চিহ্নিত করে সরকারী সদর গার্লস হুলকে উপকেন্দ্র করা হয়।

এ বছর ঐ উপ-কেন্দ্রটিকে কেন্দ্রের

মর্যাদা দেয়ায় এসএসসি পরীক্ষায় কেন্দ্রের সংখ্যা পঁড়িয়েছে ৬৩টি। বর্তমানে হিলা হুল কেন্দ্রের অধীন উপকেন্দ্র রয়েছে ১১টি। সম্প্রতি বাউফলের কাছিপাড়া আব্দুর রহিম মাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালীর মৌকরগ আব্দুল মালেক মাধ্যমিক বিদ্যালয়, সদর উপজেলার চরামনি ডব্লিউ কে ইনস্টিটিউট, বাবুগঞ্জ পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মুন্সীর নাজিরপুর মাধ্যমিক বিদ্যালয় ও চরফ্যাশনের শশিত্বরণ মাধ্যমিক বিদ্যালয়কে এসএসসি পরীক্ষার কেন্দ্র করার জন্য আবেদন করা হয়। বোর্ড ঐ সকল আবেদনের একটিও গ্রহণ করেনি।

সূত্র জানায়, এ শিক্ষা বোর্ডের অধীন প্রতি বছর ৫৫/৬০ হাজার পরীক্ষার্থী ৬২টি

কেন্দ্র পরীক্ষা দিয়ে আসছে। এতে বেশীরভাগ কেন্দ্রে পরীক্ষার্থীদের সংকুলান না হওয়ায় কক্ষে বেঞ্চের পরিমাণ বাড়িয়ে গাদাগাদি করে পরীক্ষা নেয়া হচ্ছে। অর্থাৎ ২৫/২৮ হাজার এইচএসসি'র পরীক্ষার্থী জন্য এ বোর্ডের অধীন কেন্দ্র রয়েছে ৮০টি। সে তুলনায় এসএসসি পরীক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করে কেন্দ্র করা হয়েছে নগণ্য। পরীক্ষার্থীদের সুবিধার্থে নতুন করে ৬টি কেন্দ্রের আবেদন করা হলে বোর্ড তা নাকচ করে। বোর্ডের পরীক্ষা দপ্তর সূত্র জানায়, পরীক্ষার্থীদের যোগাযোগ ব্যবস্থা, স্থানীয় আইনশৃংখলা পরিস্থিতি ও পরীক্ষার্থীর সংখ্যা বিবেচনা করেই তা গ্রহণযোগ্য হয়নি বলে বাতিল করা হয়েছে।